

## 💵 প্রশ্নোত্তরে হজ্জ ও উমরা

বিভাগ/অধ্যায়ঃ মুযদালিফায় রাত্রি যাপন রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

১৩০- "মাশআরুল হারাম" কী? এটা কোথায়? এখানে হাজীদের কী কী কাজ সুন্নাত?

"মাশআরুল হারাম" একটি পাহাড়ের নাম। এটি মুযদালিফায় অবস্থিত। এখানে একটি মসজিদও আছে। এখানে হাজীদের যা করণীয় তা হলঃ

- (১) মাশআরুল হারামের নিকট কিবলামুখী হয়ে দাঁড়ানো,
- (২) তাকবীর বলা,
- (৩) তাসবীহ-তাহলীল পড়া অর্থাৎ 'সুবহানাল্লাহ', 'আলহাম্দু লিল্লাহ' এবং 'লা ইলাহা ইল্লাল্লাহু' পড়া।
- (৪) যিকর করা এবং
- (৫) প্রাণ খুলে আল্লাহ তা'আলার কাছে দোয়া করা,
- (৬) খুশু-খুযু ও বিনম্র হয়ে মাবুদের কাছে আপনার যা চাওয়ার আছে তা চেয়ে নেবেন। বিশেষ করে আপনার মাতা-পিতা, স্ত্রী, পুত্র-সন্তানাদি ও আপনজন-আত্মীয়স্বজনের জন্যও দোয়া করবেন।
- (৭) দোয়ার সময় দু' হাত উঠিয়ে মুনাজাত করা মুস্তাহাব।

এভাবে ফজরের নামাযের পর থেকে আকাশ ফর্সা হওয়া পর্যন্ত দোয়া করতে থাকা মুস্তাহাব। ভীড়ের কারণে 'মাশআরুল হারাম''-এর কাছে যেতে না পারলে মুযদালিফার যে কোন স্থানে দাঁড়িয়ে এভাবে দোয়া করবেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1772

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন